2020

ELECTIVE BENGALI (General)

Fourth Paper

[New Syllabus : Old Pattern and Old Syllabus : Old Pattern]

Full Marks : 50 Time : Two Hours

[New Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ৯

অথবা,

উদাহরণসহ যে কোনো **তিনটি** বিষয়ে আলোচনা করো :
যতি ও ছেদের পার্থক্য, অক্ষর বা দল, শোষণ শক্তি, লয়, মিল। ৩×৩=৯

২। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো **দুটি**) : ৩×২=৬

(ক) যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে
যমুনা যাবেন শ্বশুরবাড়ি কাজিতলা দিয়ে।।

(খ) কি কব দুঃখের কথা কহিতে না জুয়ায়।
দেশে না আসিল বধূ বর্ষ বহি যায়।।
দিন যায় ক্ষণ রে যায় না মিটিল আশ।
এইরূপে কান্দিয়া গেল লীলার ছয় মাস।।

(গ) বাইরে ছিল সাধুর আকার
মনটা কিন্তু ধর্ম ধোয়া।
পুণ্য খাতার জমা শূন্য,
ভণ্ডামিতে চারটি পোয়া।

(ঘ) শুধু মাতা নহ, জগন্মাতার আসনে বসেছ তুমি,—
সেই গৌরবে জননী আমার, তোমার চরণ চুমি।

৩।(ক) রূপক অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলির পরিচয় দাও। ২+২+৫=৯

অথবা,

অনুপ্রাস অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলির পরিচয় দাও। ২+২+৫=৯

(খ) অলংকার নির্ণয় করো (**দুটি**) : ৩×২=৬

(অ) ধরণী এগিয়ে আসে দেয় উপহার
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।

(আ) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা,
মুখ তার শ্রাবস্তীর কারুকার্য।

(ই) শেফালির মত শুভ্র সুরভি-বিথার
বিকশি উঠিতে চাহে,

(ঈ) আসল কথাটি চাপা দিতে, ভাই
কাব্যের জাল বুনি।

৪। যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্যের শ্রেণিবিভাগ করো এবং যে কোনো একটি শ্রেণীর মহাকাব্যের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+৩+৫=১০

(খ) ট্র্যাজেডির সংজ্ঞা নিরূপণ করো। প্রসঙ্গত ট্র্যাজেডির সঙ্গে কমেডির পার্থক্য দেখাও। ৩+৭=১০

(গ) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে তোমার পাঠ্য একটি ঐতিহাসিক উপন্যাসে সেই সব বৈশিষ্ট্য কীভাবে রক্ষিত হয়েছে, আলোচনা করো। ২+৩+৫=১০

(ঘ) গীতিকাব্য কাকে বলে? বাংলা গীতিকবিতার সূচনা কার হাতে? তাঁর গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+১+৭=১০

[Old Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। প্রবহমান পয়ার ছন্দের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ৭

অথবা,

উদাহরণসহ যে কোনো **দুটি** বিষয়ে আলোচনা করো :

মুক্তক, স্তবক, অক্ষর, যতিলোপ, পর্ববন্ধ। ৩½×২=৭

২। যে কোনো **দুটি'র** ছন্দোলিপি প্রস্তুত করো : ৪×২=৮

(ক) হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান
অপমানে হতে হবে তাহাদের সবার সমান।

(খ) চুড়ি চাই চুড়ি চাই সে হাঁকে,
চীনের পুতুল ঝুড়িতে তার থাকে।

(গ) বনচূড়া রঞ্জিল স্বর্ণ
পূর্বদিগন্তের প্রান্তরেখায়।

(ঘ) দুঃখের বরষায় চক্ষের জল যেই নামল
বক্ষের দরজায় বন্ধুর রথ সেই থামল।

৩।(ক) যমক অলঙ্কারের পরিচয় দাও। শ্লেষ অলঙ্কারের বৈশিষ্ট্য কি কি? ২+৩=৫

অথবা,

অনুপ্রাস কাকে বলে? অনুপ্রাস অলঙ্কারের প্রকারভেদ উদাহরণসহ লেখো। ৫

(খ) অলঙ্কার নির্ণয় করো (যে কোনো **দুটি**) : $২\frac{১}{২}+২\frac{১}{২}=৫$

(অ) গোধূলির সঙ্গে আমার পরিচয় হলো।

(আ) জীবে দয়া পরম ধর্ম জীবে দয়া তব কই।

(ই) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে।

(ঈ) আসল কথাটি চাপা দিতে, ভাই
কাব্যের জাল বুনি।

(গ) উদাহরণসহ সংজ্ঞা দাও (যে কোনো **দুটি**) : $২\frac{১}{২}\times২=৫$

উৎপ্রেক্ষা, অপহ্নুতি ব্যতিরেক, ভ্রান্তিমান।

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রবন্ধ কাকে বলে? ব্যক্তিগত প্রবন্ধ ও বিষয়নিষ্ঠ প্রবন্ধের তুলনামূলক আলোচনা করো। ২+৮=১০

(খ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ? উদাহরণসহ এই শ্রেণীর উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করো। ৩+৭=১০

(গ) ট্র্যাজেডির সংজ্ঞা দাও। ট্র্যাজেডির সংজ্ঞায় উল্লিখিত ক্যাথারসিস শব্দটির তাৎপর্য বিচার করো। ৪+৬=১০

(ঘ) রাজনৈতিক উপন্যাস কাকে বলে? একটি রাজনৈতিক উপন্যাসের উদাহরণ দিয়ে সংক্ষেপে বিষয়টি স্পষ্ট করো। ৪+৬=১০

2020

ELECTIVE BENGALI (General)

Fifth Paper

[New Syllabus : Old Pattern and Old Syllabus : Old Pattern]

Full Marks : 50 Time : Two Hours

[New Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। 'যেতে নাহি দিব' কবিতায় মর্ত্য প্রেমপ্রীতির যে চিত্র পরিস্ফুট হয়েছে তা তোমার নিজের বিশ্লেষণী শক্তির আলোকে স্পষ্ট করো। ১০

অথবা,

একাধারে প্রকৃতি বর্ণনা ও প্রকৃতির প্রতি নিবিড় ভালোবাসাবোধের প্রকাশ আছে 'সোনারতরী কাব্যে'র অভ্যন্তরে— আলোচনা করো।

২। 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতার মধ্যে দেশনায়কের প্রতি সাবধানবাণী এবং গভীর স্বদেশানুরাগের সুরটি কীভাবে ধ্বনিত হয়েছে তা পর্যালোচনা করো। ১০

অথবা,

নজরুল ইসলামের কবিতায় মূলতঃ বিদ্রোহের সুর ধ্বনিত হয়েছে—তোমার পাঠ্য কবিতাগুলির পরিপ্রেক্ষিতে এই মন্তব্যের সত্যতা সমীক্ষা করো।

৩। যুগজীবন সমাজের চালচিত্রাঙ্কনে 'নবান্নের' নাট্যকার বিজন ভট্টাচার্যের কৃতিত্ব পরিমাপ করো। ১০

অথবা,

'নবান্ন' নাটকের প্রধান সমাদ্দার চরিত্রটির নাট্যধর্মী প্রবণতাগুলি উল্লেখ করো।

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর লেখো : ৫×২=১০

(ক) 'হেরি কাহার নয়ান,
রাধিকার অশ্রু-আঁখি পড়েছিল মনে?'
অংশটি কোন্ কবিতার অংশ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'আজ কোনো কাজ নয়—সব ফেলে দিয়ে
ছন্দোবদ্ধ-গ্রন্থগীত—এসো তুমি প্রিয়ে,
আজন্ম-সাধন ধন সুন্দরী আমার
কবিতা, কল্পনালতা।'
উপরোক্ত কবিতাংশটির উৎস উল্লেখ করে, প্রসঙ্গটি বিশদ করো।

(গ) ‘হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান!
তুমি মোরে দানিয়াছ খ্রীষ্টের সম্মান
কণ্টক-মুকুট শোভা!’

দারিদ্র্য কীভাবে মহান করতে পারে—তা নজরুলের ভাবনাসূত্র ধরে ব্যাখ্যা করো।

(ঘ) ‘নবান্ন’ নাটকের কালীধন ও রাজীব চরিত্রদুটির সংক্ষিপ্ত পরিচয় উল্লেখ করো।

৫। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘সোনার তরী’ কাব্যগ্রন্থের প্রথম ও শেষ কবিতাদুটির নাম লেখো।

(খ) ‘গাহি গান, গাঁথি মালা, কণ্ঠ করে জ্বালা।’
কোন কবিতার অংশ? অংশটির অর্থ স্পষ্ট করো।

(গ) ‘মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী, আর হাতে রণ তূর্য।’—এখানে কবির পরস্পর বিরুদ্ধ সত্তার স্বরূপ ব্যাখ্যা করো।

(ঘ) ‘অভিশাপ’ কবিতায় কবি যে কয়েকটি ফুলের কথা উল্লেখ করেছেন তাদের মধ্যে অন্তত দুটি ফুলের নাম উল্লেখ করো।

(ঙ) ‘নবান্ন’ নাটকের চারটি অপ্রধান চরিত্রের নামোল্লেখ করো।

(চ) ‘য়্যাঁ রক্ত! রক্ত! খুন করে ফেললাম!’—কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?

[Old Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ কবিতাটি কালিদাসের মেঘদূত কাব্যের এক অভিনব ব্যাখ্যা—আলোচনা করো।

অথবা,

‘সুরদাসের প্রার্থনা’ কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের সৌন্দর্য চেতনার স্বরূপ বিশ্লেষণ করো।

(খ) ‘বিসর্জন’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা,

‘বিসর্জন’ নাটকে প্রেম আর প্রতাপের যে দ্বন্দ্ব দেখানো হয়েছে, নাটকের প্রধান দুই চরিত্র অবলম্বনে তা আলোচনা করো।

(গ) ‘রূপসী বাংলা’ কাব্যে কবি জীবনানন্দ দাশের যে পল্লীপ্রীতির পরিচয় ফুটে উঠেছে তা তোমার পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।

অথবা

'আবার আসিব ফিরে এই ধানসিঁড়িটির তীরে'—কবিতায় প্রকাশিত কবির রোমান্টিক ভাবনার রূপটি আলোচনা করো।

২। যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) 'সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে।'—'সুদর্শন' কীসের প্রতীক? কবিতায় কবি কেন সুদর্শন বলেছেন?

(খ) ভৈরবীগানকে কবি কুহক রাগিণী বলেছেন কেন?

(গ) ''মন্দিরের
বাহিরে তোমার রাজ্য, যেথা তব আজ্ঞা
নাহি চলে, সেথা আজ্ঞা নাহি দিয়ো।''—কে, কাকে, একথা বলেছিল? নাট্যাংশটির তাৎপর্য লেখো।

(ঘ) ''তবে এসো তুমি
এ মন্দির ছেড়ে এসো।''—কে কাকে এই আহ্বান জানিয়েছিল? বক্তার এই আহ্বান জানানোর কারণ বিশ্লেষণ করো।

2020

ELECTIVE BENGALI (General)

Sixth Paper

[New Syllabus : Old Pattern and Old Syllabus : Old Pattern]

Full Marks : 50 Time : Two Hours

[New Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। 'কঙ্কাবতী' উপন্যাস অবলম্বনে 'খেতু' অথবা 'কঙ্কাবতী' চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

অথবা,

'ভূত' অবলম্বনে 'কঙ্কাবতী' উপন্যাসে কী ধরনের কৌতুক সৃষ্টি করেছেন ত্রৈলোক্যনাথ—উদাহরণসহ বিশ্লেষণ করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫

(ক) "তনু রায় লক্ষ্মীমন্ত পুরুষ, বৃথা অপব্যয় একেবারে দেখিতে পারেন না।"—তনু রায় কে? তাঁর অপব্যয় রোধের দৃষ্টান্তগুলি লেখো। ১+৪=৫

(খ) "এই কথা শুনিয়া তনু রায় ও তনু রায়ের পুত্র খেতুর উপর অতিশয় রাগান্বিত হইলেন।"—কোন্ কথা বলেছিল খেতু? এর প্রতিক্রিয়া কী হয়েছিল? ৩+২=৫

৩। যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) সামাজিক পটভূমিকায় 'হনুমানের স্বপ্ন' গল্পে কীভাবে হাস্যরস পরিবেশিত হয়েছে তা আলোচনা করে লেখো। ১০

(খ) ছোটগল্প হিসেবে 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটির শিল্প-সার্থকতা বিচার করো। ১০

(গ) 'টোপ' গল্পের কথকের মধ্যবিত্ত মানসিকতার পরিচয় পরিস্ফুট করো। ১০

(ঘ) 'আদাব' গল্পটি সাম্প্রদায়িকতার উর্দ্ধে এক চিরন্তন মানবপ্রেমের গল্প হয়ে উঠেছে"—মন্তব্যটি বিশ্লেষণ করে দেখাও। ১০

৪। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) "ও আমার মরা কাঠ নারে ফতি, ভারী তাজা জিনিস, ও আমার পুরুষের ত্যাজ।"—বক্তা কে? কোন জিনিস প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?

(খ) ‘‘ডাস্টবিনের দুই পাশে দুটি প্রাণী, নিস্পন্দ নিশ্চল’’— ‘দুটি প্রাণী’ বলতে কাদের বোঝানো হয়েছে?

(গ) ‘‘সকালে একটা পার্সেল এসে পৌঁছেছে।’’—পার্সেলটি কোথা থেকে এসেছে? তাতে কী ছিল?

(ঘ) ‘আদাব’ গল্পের সুতা মজুর ও মুসলমান মাঝির বাড়ি কোথায়?

(ঙ) তেলেনাপোতা আবিষ্কারের জন্য দু’জন বন্ধুর বৈশিষ্ট্য কেমন হওয়া দরকার?

(চ) রামচন্দ্র হনুমানের জন্য কোথায় কী বানিয়ে দিয়েছিলেন?

(ছ) ‘আইজ চৌদলার ওপর আরো দুইজনরে দেখলাম’—কার উক্তি? এখানে বক্তা আরো কী দেখেছিলেন?

[Old Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। ‘দেনাপাওনা’ উপন্যাসের নামকরণ কতখানি সার্থক হয়েছে আলোচনা করো। ১৪

অথবা,

‘দেনাপাওনা’ উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনির উপযোগিতা ও গুরুত্ব বিশ্লেষণ করো। ১৪

২। যে কোনো **দু’টি** প্রশ্নের উত্তর দাও : ১৪×২=২৮

(ক) ‘দুঃশাসনীয়’ গল্পে শুধু সংকটের কথাই নেই, তার কারণ এবং তার বিরুদ্ধে প্রতিবাদও আছে।—আলোচনা করো।

(খ) ‘ফসিল’ গল্পের বিষয়বস্তু বাংলা সাহিত্যে অভিনব।—আলোচনা করো।

(গ) প্রেম ও প্রবৃত্তির দ্বন্দ্বে শেষপর্যন্ত জয়ী হয়েছে প্রবৃত্তি—‘তারিণী মাঝি’ গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো।

(ঘ) প্রেমেন্দ্র মিত্রের ‘শুধু কেরানী’ গল্পটি অপূর্ণ মানুষের ভাঙা জীবনের রিক্ততার বেদনাবিদ্ধ রূপ—আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) ‘‘এবার আর সামনে এক কাপ দুধ দেখল না, বিনোদ দেখল দুধসাগর।’’—কার লেখা কোন্ গল্প থেকে লাইনটি নেওয়া হয়েছে? ‘দুধসাগর’ শব্দের ব্যঞ্জনার্থ লেখো।

(খ) ‘‘সত্যই নতুন প্রাণের জোয়ার এসেছে অঞ্জনগড়ে।’’— কোন্ প্রসঙ্গে মন্তব্যটি করা হয়? ‘নতুন প্রাণের জোয়ার’ বলতে কী বোঝানো হয়েছে?

(গ) “কিন্তু বর্ষার প্রারম্ভে সে রাক্ষসীর মতো ভয়ংকরী।”— এখানে কাকে রাক্ষসী বলা হয়েছে? সে রাক্ষসীর মতো ভয়ংকর কেন?

(ঘ) “আজ তারা হাতিপুর এলে ভয় পাবে।”—কাদের কথা বলা হয়েছে? কেন তারা ভয় পাবে? লেখক যে সমস্যার কথা বলেছেন, সংক্ষেপে তা লেখো।

(ঙ) “তখন কালবৈশাখীর উন্মত্ত মসীবরণ আকাশে নীড় ভাঙার মহোৎসব লেগেছে।”—উদ্ধৃতিটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিচার করো।